

## মুদারাবা বারাকাহ ডিপোজিট স্কীম :

গ্রাহক নিজ নামে অথবা যৌথ নামে ন্যূনতম ২৫,০০০/- টাকা বা এর গুণিতক (সর্বোচ্চ ৫,০০,০০০/- টাকা পর্যন্ত) যে কোন পরিমাণ অর্থ জমা দিয়ে এ হিসাব খুলতে পারবে যা' ৩ বছর মেয়াদে প্রারম্ভিক জমাকৃত অর্থের (কম/বেশী) দ্বিগুণ হবে। এ হিসাবে মাসিক কিস্তির পরিমাণ ৫০০ টাকা বা এর গুণিতক (সর্বোচ্চ ১০,০০০/- টাকা পর্যন্ত) হবে।

১। সকল প্রকার গ্রাহক হতে ন্যূনতম ২৫,০০০/- টাকা বা এর গুণিতক পরিমাণ টাকা প্রারম্ভিক জমা করে এ হিসাব খোলা যাবে। তবে প্রারম্ভিক জমার পরিমাণ সর্বোচ্চ ৫,০০,০০০/- টাকার বেশী হবে না।

২। হিসাবের মেয়াদকাল ৩ বছর। জমাকৃত অর্থ মেয়াদ পূর্তির পূর্বে উত্তোলন করা যাবে। তবে ৬ মাস পূর্বে উত্তোলনের ক্ষেত্রে কোন মুনাফা প্রদান করা হবেনা এবং ৬ মাস পর কিন্তু মেয়াদপূর্তির পূর্বে উত্তোলনের ক্ষেত্রে মুদারাবা বা সঞ্চয়ী আমানত হাওে মুনাফা প্রদান করা হবে।

৩। এই হিসাবের বিপরীতে প্রভিশনাল ৮% হাওে মুনাফা প্রদান করা হবে।

৪। আমানত কারী ১ টি কিস্তি প্রদানে ব্যর্থ হলে পরবর্তী মাসের কিস্তির সাথে এবং ২ টি কিস্তি প্রদানে ব্যর্থ হলে তা'পরবর্তী কিস্তির সাথে সম্পূর্ণ টাকা জমা দিতে পারবেন। এক্ষেত্রে মুনাফার পরিমাণ কিছু কম হতে পারে। তবে আমানত কারী যদি কোন সময়ে পর পর ৩ টি কিস্তি প্রদানে ব্যর্থ হয় তাহলে হিসাব টি বাতিল বলে গণ্য হবে এবং যদি হিসাব টির মেয়াদ ৬ মাসের কম হয় তবে শুধু মাত্র জমা কৃত অর্থ ফেরত পাবে। অন্যদিকে যদি হিসাব টির মেয়াদ ৬ মাসের বেশী হয়, তবে জমাকৃত অর্থও উপর মুদারাবা সঞ্চয়ী আমানত হাওে মুনাফা প্রদান করা হবে।

৫। গ্রাহক ব্যাংকের যে শাখায় এ হিসাব খুলবেন, ঐ শাখায় নগদে অথবা তার কোন মুদারাবা সঞ্চয়ী হিসাব বা আল-ওয়াদিয়াহ চলতি হিসাব থাকলে সে হিসাব হতে প্রতি মাসে ১০ তারিখের মধ্যে কিস্তির টাকা স্থানান্তরের লিখিত নির্দেশ দিতে পারবেন।

৬। হিসাব খোলার সকল সাধারণ নিয়ম এ হিসাবের ক্ষেত্রে ও প্রযোজ্য হবে।

### **শর্তসমূহঃ**

১। এটি অর্থ জমাকারী গ্রাহক এবং ইউনিয়ন ব্যাংক লিমিটেডের মধ্যে সম্পাদিত ইসলামী শরীয়াহ ভিত্তিক একটি মুদারাবা চুক্তি।

২। এখানে অর্থ জমাকারী গ্রাহক হচ্ছে 'সাহিবআল-মাল' (অর্থও মালিক) এবং ব্যাংক হচ্ছে মুদারাব (কারবার সংগঠক)।

৩। ব্যাংক মুদারাবা তহবিল বিনিয়োগ কওে প্রাপ্ত আয়ের কমপক্ষে ৬৫% নির্ধারিত Weightage অনুসাওে 'সাহিব আল মাল' এর মধ্যে বন্টন করবে। বার্ষিক লাভ লোকসান হিসাব চূড়ান্ত হওয়ার পূর্বে হিসাব বন্ধ করলে সাময়িক হাওে লাভ প্রদান করা হয়, পরবর্তী কালে মুনাফার চূড়ান্ত হার ঘোষণার পরে ঘোষিত চূড়ান্ত হার সাময়িক হারের চেয়ে বেশী কিংবা কম হলে অবশিষ্টাংশ হিসাব ধারক কে প্রদান কিংবা তার থেকে গ্রহণ করা হবে না।

৪। এছাড়া ইসলামী শরীয়াহ মতে বর্ণিত মুদারাবা চুক্তির অন্যান্য শর্তাবলী প্রযোজ্য হবে।

## হিসাব পরিচালনার নিয়মাবলীঃ

- ১। একজন সুস্থ মস্তিষ্কের যে কোন বাংলাদেশী একক ভাবে / যৌথ ভাবে ব্যাংকের যে কোন শাখায় এক বা একাধিক মুদারাবা বা রাকাহ ডিপোজিট স্কীম খুলতে পারবে।
- ২। হিসাব ধারী নাবালক হলে হিসাব টি তার অভিভাবক দ্বারা পরিচালিত হবে।
- ৩। মাসের ০১ থেকে ১০ তারিখের মধ্যে হিসাব খুলতে হবে এবং মাসিক কিস্তির অর্থ জমা দিতে হবে।
- ৪। নিয়মিত ভাবে কিস্তির অর্থ না পরিশোধের কারণে মুনাফা কম-বেশী হতে পারে।
- ৫। গ্রাহকের হিসাব থেকে ব্যাংক যাকাতের অর্থ কর্তন করে না। গ্রাহক নিজ দায়িত্বে অন্যান্য সম্পদের সাথে উক্ত জমা যোগ করে যাকাত প্রদান করবে।
- ৬। হিসাবের মালিককে চাহিদা মোতাবেক হিসাব বিবরণী প্রদান করা হবে।
- ৭। ব্যাংক কোনরূপ কারণ দর্শানো ব্যতীত যে কোন হিসাব বন্ধ করতে পাও তবে হিসাব ধারক কে অবহিত করা হবে।
- ৮। হিসাব মালিকের ঠিকানায় কোন পরিবর্তন হলে অবিলম্বে তা ব্যাংককে জানাতে হবে।
- ৯। ব্যক্তিগত হিসাব ধারক গণ তার বা তাদেও মৃত্যুর পর জমাকৃত টাকা প্রদানের জন্য এক বা একাধিক নমিনী মনোনীত করতে পারবেন।
- ১০। হিসাব ধারকের মৃত্যু হলে সংশ্লিষ্ট হিসাবের জমাকৃত অর্থ উত্তোলনের জন্য নমিনী / নমিনীগণ কে ব্যাংকের প্রচলিত নিয়ম অনুযায়ী আবেদন করতে হবে।
- ১১। বিনিয়োগ:- আমানত কারী তার প্রয়োজনে হিসাবের স্থিতির উপর শত করা সর্বোচ্চ ৯০ ভাগ বিনিয়োগ গ্রহণ করতে পারবেন। এক্ষেত্রে এম টি ডি আর (MTDR) এর বিপরীতে প্রদত্ত লাভের হার ও নিয়মাবলী প্রযোজ্য হবে।
- ১২। মানিলভারিং প্রতিরোধ আইন-২০১২, সন্ত্রাস বিরোধ আইন-২০০৯, সন্ত্রাস বিরোধ (সংশোধন) আইন-২০১২ ও বাংলাদেশ ব্যাংকের বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টিলিজেন্স ইউনিট (বি এফআই ইউ) কর্তৃক সময়ে সময়ে জারিকৃত সার্কুলার / নীতিমালা অনুযায়ী গ্রাহক ব্যাংকের চাহিদা অনুযায়ী যে কোন তথ্য সরবরাহ করতে বাধ্য থাকবে।
- ১৩। ব্যাংক যৌক্তিক কারণে হিসাব সংক্রান্ত বা অন্য যে কোন নিয়মাবলী পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ কও এবং জমাকারী উহা মেনে চলতে বাধ্য থাকবেন।
- ১৪। সর্ব ক্ষেত্রে সরকারি নিয়মানুযায়ী উক্ত হিসাব থেকে যে কোনো কর / শুল্ক ইত্যাদি কর্তন করা হবে।
- ১৫। আমরা উভয়পক্ষ উক্ত নিয়মাবলী ও এতদসংক্রান্ত সকল আইন মেনে চলতে সম্মত হয়ে নিম্নে স্বাক্ষর করে অত্র চুক্তিনামা সম্পাদন করলাম।